

আন্তর্জাতিক

গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ০৮:৫১ AM



গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বেসামরিক প্রতিরক্ষা কর্মকর্তারা এ তথ্য জানিয়েছেন। ইসরায়েলি বাহিনীর কাছ থেকে তাত্ক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।

যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় গত বছর ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি হয়। তবে চুক্তির কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এখনো মতবিরোধ রয়েছে।

এর মধ্যে অন্যতম হলো হামাসকে নিরস্ত্র করা এবং গাজা থেকে ইসরায়েলি সেনা প্রত্যাহার। ইসরায়েলের দাবি, হামাস যুদ্ধবিরতি লঙ্ঘন করে আবার অস্ত্র সংগ্রহ করছে এবং হামলার চেষ্টা চালাচ্ছে।

এই অভিযোগের পর সাম্প্রতিক সপ্তাহগুলোতে গাজায় ইসরায়েলি হামলা বেড়েছে। তবে হামাস এসব অভিযোগ অস্বীকার করেছে। তাদের

দাবি, ইসরায়েলই যুদ্ধবিরতি ও শান্তি চুক্তি ক্ষুণ্ণ করছে।

স্বাস্থ্য কর্মকর্তাদের হিসাবে, গত বছরের যুদ্ধবিরতির পর থেকে ইসরায়েলি হামলায় গাজায় ১ হাজার ৪০০-এর বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। একই সময়ে গাজায় সশস্ত্র গোষ্ঠীগুলোর হামলায় চার ইসরায়েলি সেনা নিহত হয়েছেন বলে জানিয়েছে ইসরায়েল।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছুঁতদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুথীদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/gajay-israyeli-biman-hamlay-niht-panch-filistini>